

বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট  
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়

২০১৭-১৮ অর্থবছরের নৈতিকতা কমিটির (Ethics Committee) ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী


২২.১১.২০১৭খ্রি: বিকাল ৩.৩০ ঘটিকার সময় ট্রাস্ট অফিসের সভা কক্ষে নৈতিকতা কমিটির ২য় ত্রৈমাসিক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় সভাপতিত্ব করেন ট্রাস্টের সচিব মি. জয় দত্ত বড়ুয়া। সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করার অনুমতি প্রদান করেন। সভায় নিম্নোল্লিখিত কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন :

১। শ্যামল মিত্র বড়ুয়া	উপ-পরিচালক
২। যুগল তংচংগ্যা	সহকারী হিসাব রক্ষণ কর্মকর্তা
৩। সুখময় চাকমা	কম্পিউটার অপারেটর / আইটি সহকারী
৪। সুদত্ত রতন বড়ুয়া	অফিস সহকারী
৫। সেতু বড়ুয়া	গাড়ী চালক
৬। প্রকাশ বড়ুয়া	অফিস সহায়ক

সভায় শুদ্ধাচার / উত্তম চর্চা সংক্রান্ত নিম্নোল্লিখিত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয় যা নিম্নরূপ:

ক্রমিক নং	শুদ্ধাচার / উত্তম চর্চা সংক্রান্ত বিষয়	সিদ্ধান্ত /বিবরণ	বাস্তবায়নকারী (ব্যক্তি/ কর্তৃপক্ষ)
১.	কর্মস্থলে উপস্থিতি	যথাসময়ে অফিসে উপস্থিত হয়ে হাজিরা খাতায় স্বাক্ষর এবং যথারীতি (নির্ধারিত সময়ের পূর্বে নয়) অফিস প্রস্থান নিশ্চিত করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
২.	দাপ্তরিক দায়িত্ব পালন	চলমান আইন ও বিধি বিধান ও ন্যায় নীতির আলোকে সততা, নিষ্ঠা, আন্তরিকতা ও যথাযথভাবে প্রদত্ত দায়িত্ব পালন করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
৩.	প্রতিবেদন দাখিল	প্রতিবেদন যথাসময়ে দাখিল ও ফলোআপ করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
৪.	ক্রয় সংক্রান্ত	ক্রয়/কেনা-কাটা যথাসম্ভব কম খরচে মানসম্মত হয় সেদিকে সুদৃষ্টি রাখতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা ও সহ. হি.রক্ষণ কর্মকর্তা
৫.	আর্থিক স্বচ্ছতা	ক্রয়/কেনা-কাটা সংক্রান্ত বিষয়ে আর্থিক স্বচ্ছতার বিষয়ে সজাগ থাকতে হবে।	সংশ্লিষ্ট কর্মকর্তা ও সহ. হি. রক্ষণ কর্মকর্তা
৬.	সেবা প্রদান	সিটিজেন চার্টার্ড অনুসারে উত্তম সেবা নিশ্চিত করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
৭.	অন্যান্য	উপরোক্ত বিষয় ছাড়াও অন্যান্য অর্পিত দায়িত্ব সততা ও নিষ্ঠার সাথে পালন করতে হবে	সকল কর্মকর্তা/কর্মচারী

অতঃপর, আলোচনার জন্য আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় পরস্পরের সহযোগিতা নিয়ে আন্তরিকতার সাথে কাজ করার আহ্বান জানিয়ে এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
২৭/১১/১৭  
(জয়দত্ত বড়ুয়া)  
সভাপতি

সচিব, বৌদ্ধ ধর্মীয় কল্যাণ ট্রাস্ট।